

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০
www.berc.org.bd

স্মারক নম্বর: ২৮.০১.০০০০.০১৭.১১.২৬০.২৫. - ১৯২২

তারিখ: ২৫ এপ্রিল ২০২৬

ইন্টার্নশিপের জন্য দরখাস্ত আহ্বান বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের বিভিন্ন শাখায় ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় ছয় (০৬) মাস মেয়াদে ৫ (পাঁচ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

২। ইন্টার্ন এর কর্মপরিধি ও শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

ক্রমিক	শাখা	ইন্টার্ন	কর্মপরিধি	শিক্ষাগত যোগ্যতা
১	চেয়ারম্যানের দপ্তর	১ জন	চেয়ারম্যান দপ্তরের বিবিধ কাজ	আইন/লোক প্রশাসন বিষয়ে স্নাতক
২	প্রশাসন শাখা	১ জন	আইসিটিসহ প্রশাসনিক নানাবিধ কাজ	সিএসই/ইইই/সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক /এমবিএ
৩	অর্থ ও হিসাব শাখা	১ জন	অর্থ ও হিসাব শাখার বিবিধ কাজ	একাউন্টিং/ফিন্যান্স বিষয়ে স্নাতক
৪	পেট্রোলিয়াম শাখা	২ জন	পেট্রোলিয়াম সংক্রান্ত ডেটা, বিবিধ কোডস্ এবং স্ট্যান্ডার্ড, ইমপেকশন ম্যানুয়েল প্রস্তুতকরণসহ বিভিন্ন কাজ	কেমিক্যাল/ পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং এ স্নাতক

৩। আবেদনের যোগ্যতা:

(ক)	আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
(খ)	যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শিক্ষাগত যোগ্যতা কলামে উল্লিখিত বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(গ)	স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
(ঘ)	'ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩' এর অধীন একজন প্রার্থী সরকারি অফিসে শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন;

৪। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৫। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।


৬। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ইন্টার্নশিপ ভাতা প্রদান করা হবে। ইন্টার্নশিপ ভাতা ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

৭। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে বিইআরসি এর ওয়েবসাইট www.berc.org.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ১১ মে ২০২৬ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি, ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস, e-mail: bercofficial2003@gmail.com-এ সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে; এবং

৮। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১০। অন্যান্য সকল শর্তাবলি 'ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩' অনুযায়ী পরিচালিত হবে।


মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব
ফোন: ২২৬৬৪০৯০৫